



প্রেস বিজ্ঞপ্তি

নোবিপ্রবির সঙ্গে তুরক্ষের পামুক্কালে বিশ্ববিদ্যালয়ের সমরোতা স্মারক (MOU) স্বাক্ষর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) সঙ্গে ইরাসমাস প্লাস এগিমেন্ট এর আওতায় তুরক্ষের পামুক্কালে বিশ্ববিদ্যালয়ের (PAU) মধ্যে সমরোতা স্মারক (MOU) স্বাক্ষরিত হয়েছে। বৃহস্পতিবার (১৫ ফেব্রুয়ারি ২০২৪) নোবিপ্রবি উপাচার্য দপ্তরে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম।

নোবিপ্রবির পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম। পামুক্কালে বিশ্ববিদ্যালয়ের পক্ষে স্বাক্ষর করেন বিশ্ববিদ্যালয়ের রেষ্টের অধ্যাপক ড. আহমেত কুত্তুহান।

এসময় উপস্থিত ছিলেন নোবিপ্রবির মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর, নোবিপ্রবি শিক্ষক সমিতির সভাপতি ও শিক্ষা বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. বিপ্লব মল্লিক, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ও প্রটেক্টর অধ্যাপক ড. মোঃ আনিসুজ্জামান, নোবিপ্রবি ইন্টারন্যাশনাল কো-অপারেশন এন্ড কোলাবরেশন সেন্টারের (আইসিসিসি) অতিরিক্ত পরিচালক ও সমাজবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ রোকনুজ্জামান সিদ্দিকী, মাইক্রোবায়োলজি বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোহাম্মদ রফিল আমিন, ভাষা শহীদ আব্দুস সালাম হলের প্রভোস্ট ড. কাওসার হোসেন এবং নোবিপ্রবি আইসিসিসি'র ডেপুটি রেজিস্ট্রার জনাব মোঃ আবু জুবায়ের।

পামুক্কালে বিশ্ববিদ্যালয় থেকে আগত অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন উক্ত বিশ্ববিদ্যালয়ের ভাইস-রেষ্টের অধ্যাপক ড. তুরান কার্দেনিজ, অর্থনীতি ও প্রশাসনিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. এভার কজকুন ও আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক কো-অর্ডিনেটর ড. অনুর কুলাক।

অনুষ্ঠানে সংক্ষিপ্ত বক্তব্যে নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম বলেন, ‘বিশ্ববিদ্যালয়সমূহের মধ্যে এ ধরণের সমরোতা দক্ষ মানবসম্পদ গড়ে তুলতে সহায়ক ভূমিকা পালন করবে। নোবিপ্রবির সঙ্গে পামুক্কালে বিশ্ববিদ্যালয়ের এ সমরোতা স্মারক ভবিষ্যতে উভয় বিশ্ববিদ্যালয়কে শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে এগিয়ে যেতে আরও দৃঢ় ভূমিকা পালন করবে। এ চুক্তি স্বাক্ষরের সঙ্গে সংশ্লিষ্ট সকলের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।’

পামুক্কালে বিশ্ববিদ্যালয়ের ভাইস-রেষ্টের অধ্যাপক ড. তুরান কার্দেনিজ তাঁর বক্তব্যে বলেন, ‘উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে পারস্পরিক এ সমরোতা একটি মাইলফলক হয়ে থাকবে। নোবিপ্রবির আন্তরিক আতিথেয়তায় আমরা মুগ্ধ। আমি আশা করি এই চুক্তির মাধ্যমে দুটি বিশ্ববিদ্যালয়ের সম্পর্ক আরও দৃঢ় হবে এবং ভবিষ্যতেও এ ধরণের কার্যক্রম অব্যাহত থাকবে।’

উল্লেখ্য, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং পামুক্কালে বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষক-শিক্ষার্থী বিনিময়, যৌথ শিক্ষা ও গবেষণা এবং উন্নয়নের ক্ষেত্রে ইতিবাচক অবদান রাখার লক্ষ্যে এ সমরোতা স্মারকটি স্বাক্ষরিত হয়।

R. Naseem

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।